

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ শাখা  
www.lgd.gov.bd

স্মারক নম্বর : ৪৬.৪২.৬৭০০.০০০.১৪.০১০.১৫(অংশ-২).১১১৮

তারিখ : ২০ জ্যৈষ্ঠ ১৪৩৩  
০৩ জুন ২০২৬

**বিষয় : নারায়ণগঞ্জ জেলা পরিষদের ২০২৫-২৬ অর্থবছরের রাজস্ব তহবিলের আওতায় প্রকল্প অনুমোদন।**


সূত্র : স্মারক নং-৪৬.৪২.৬৭০০.০০০.০০২.১৪.০১৬৪.২৫-১৭৬, তারিখ: ১০/০৫/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নারায়ণগঞ্জ জেলা পরিষদের ২০২৫-২৬ অর্থবছরের রাজস্ব তহবিলের আওতায় ৯৭.৫৮ লক্ষ (সাতানব্বই লক্ষ আটান্ন হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রস্তাবিত (২+১২)=১৪টি প্রকল্পের মধ্যে নারায়ণগঞ্জ জেলার সদর উপজেলাধীন পাগলা খাল পুনঃখনন প্রকল্পটি (প্রাক্কলিত ব্যয়: ৩০.০০ লক্ষ টাকা) পরিবর্তনপূর্বক প্রকল্প প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। উপর্যুক্ত প্রকল্পটি ব্যতীত অবশিষ্ট (১৪-১)=১৩টি প্রকল্প (৯৭.৫৮-৩০.০০)=৬৭.৫৮ লক্ষ (সাতষট্টি লক্ষ আটান্ন হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে নিম্নোক্ত শর্তে বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো:

**শর্তাবলি:**

- পিপিএ-২০০৬, পিপিআর-২০২৫, জেলা পরিষদের এডিপি বরাদ্দ ব্যবহার নির্দেশিকা, ২০২২ এবং এ সংক্রান্ত প্রযোজ্য সকল বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- স্থানীয় সরকার বিভাগের অনুমোদিত কোনো প্রকল্প/প্রকল্প বাস্তবায়নের পদ্ধতি এ বিভাগের অনুমোদন ব্যতিরেকে পরিবর্তন করা যাবে না;
- সামাজিক/শিক্ষা/ধর্মীয় প্রতিষ্ঠানের জন্য গৃহীত প্রকল্পসমূহ সমাপ্তির পর উক্ত স্থানে জনসাধারণের অবগতির জন্য 'প্রকল্পের নাম, অর্থবছর, ব্যয় এবং অর্থায়নে: জেলা পরিষদ, ...' শীর্ষক ফলক আবশ্যিকভাবে সংযোজন করতে হবে;
- গৃহীত প্রকল্পসমূহের বিস্তারিত তথ্য (প্রকল্পের সংক্ষিপ্ত তথ্য, প্রাক্কলিত ব্যয়, প্রকল্পের মেয়াদ ইত্যাদি) সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ স্থানে জনগণের অবগতির জন্য প্রদর্শন করতে হবে;
- গত ১৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখে এ বিভাগ হতে জারিকৃত ৪৬.০০.০০০০.০৪২.২২.০০৯.২০২১-৩৪১নং পরিপত্রের ৫নং অনুচ্ছেদে বর্ণিত প্রকল্প গ্রহণ/বাস্তবায়ন করা যাবে না; এবং
- প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে জেলা পরিষদের ওয়েবসাইটে আবশ্যিকভাবে নিয়মিত তথ্য হালনাগাদ করতে হবে।

  
খোন্দকার ফরহাদ আহমদ  
উপসচিব

ফোন : +৮৮০২২২৩৩৫৫৫৬৮  
Email : lgzp@lgd.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**


- প্রশাসক, জেলা পরিষদ, নারায়ণগঞ্জ; এবং
- প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নারায়ণগঞ্জ।

স্মারক নম্বর : ৪৬.৪২.৬৭০০.০০০.১৪.০১০.১৫(অংশ-২).১১১৮/১(৬)

তারিখ : ২০ জ্যৈষ্ঠ ১৪৩৩  
০৩ জুন ২০২৬

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

- অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা; এবং
- সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।

  
খোন্দকার ফরহাদ আহমদ  
উপসচিব